গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

এবং

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৮

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সভ্যতার বিকাশে রাবার একটি অত্যাবশ্যকীয় পণ্য বিশ্বে প্রাকৃতিক রাবার থেকে মানুষের দৈনন্দিন ব্যবহার্য ও অত্যাবশ্যকীয় প্রায় ৪৬০০০ পণ্য উৎপাদিত হচ্ছে। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ১৯৬২ সাল হতে রাবার চাষ করে আসছে। এরই ধারাবাহিকতায় নতুন বাগান সৃজন/পুনঃবাগান সৃজন এর লক্ষ্যে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে প্রায় ৩০.৮০ একর জমিতে নার্সারি সৃজন এবং বিগত তিন বছরে ১২০০ একর পুনঃবাগান সৃজন করা হয়েছে যা আগামী ০৭ (সাত) বছরে উৎপাদনে আসবে। এছাড়াও চট্টগ্রামে রাঙ্গুনিয়ায় ৫৫০ একর জমিতে ৫৯.৩১ লক্ষ টাকা ব্যয়ে নতুন রাবার বাগান সৃজন করা হয়েছে। বাংলাদেশে রাবার চাষের উন্নয়নের ক্ষেত্রে রাবার বোর্ড নতুন দিগন্তের সূচন করেছে যা বর্তমান গণতান্ত্রিক সরকারের রুপকল্প-২০২১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।গত ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে ৬৮০৪ মেঃ টন রাবার ভারতের ০৭(সাত) টি প্রতিষ্ঠানের নিকট রপ্তানী করা হয়। এতে ১০৪.০১ লক্ষ মার্কিন ডলার আয় হয়েছে এবং ২০18-১৯ অর্থবছরে এ আয়ের পরিমাণ প্রায় ১৩,৮৩,০৪৩.১৮ মার্কিন ডলার।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

২০১০-১১ সন হতে রাবার বিক্রির উপর ১৫% ভ্যাট এবং টেন্ডারে বিক্রির ক্ষেত্রে আয়কর ও সেবা খাতে আরও ৯%সহ মোট ২৪% কর আরোপ করায় এবং বিদেশ থেকে রাবার আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক ১৫% থেকে ৫% এ কমিয়ে আনায় বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত রাবার আশানুরুপ বিক্রয় হচ্ছে না। এছাড়া পার্বত্য চট্টগ্রামে ব্যক্তি মালিকানার উৎপাদিত মোট ৮০% রাবারের উপর সরকার কর্তৃক ভ্যাট রেয়াত প্রদানের কারনে এবং অপরদিকে বিএফআইডিসি এর উৎপাদিত রাবারের উপর ভ্যাট প্রযোজ্য থাকায় বিএফআইডিসি'র উৎপাদিত রাবার দেশীয় ও আন্তর্জাতিক বাজারে তুলনামূলক প্রতিযোগী অবস্থান তৈরীতে অসুবিধাজনক অবস্থানে রয়েছে। এছাড়াও গত দুই বছরে আন্তর্জাতিক বাজারে রাবারের মূল্য অস্বাভাবিক হ্রাস পেয়েছে। কর্পোরেশনের উৎপাদিত রাবারের বাজার-এর সীমাবদ্ধতা আছে। বিএফআইডিসি এর অধিকাংশ কারখানা ও যন্ত্রপাতি অনেক পুরাতন হওয়ায়, দুর্বল ও অপ্রতুল অবকাঠামো এবং দক্ষ জনবলের অভাব থাকায় রাবারের গুনগত মানের সীমাবদ্ধতা রয়েছে। উচ্চ ফলনশীল জাতের রাবার ক্লোনের দুষ্প্রাপ্যতার কারণে উন্নতমানের রাবার বাগান সৃজন সম্ভব হচ্ছে না। আইসিটি (ICT) কার্যক্রম পরিচালনায় দক্ষ জনবলের অভাব রয়েছে। বিএফআইডিসি তে অনুমোদিত পদের তুলনায় কর্মরত জনবলের সংখ্যা অনেক কম।

ভবিষ্যৎ পরিকল্পনা:

 রুপকল্প-২০২১ অনুযায়ী ২০২১ সালের মধ্যে বন বিভাগ হতে জমি লিজ পাওয়া সাপেক্ষে ১৭ হাজার একর জমিতে নতুন বাগান সৃজন করণ;
 রাবার গাছ অন্যান্য গাছের তুলনায় দ্বিগুণ কার্বন শোষণ করে বিধায় 18 টি রাবার বাগানে ৩৮.৫৬ লক্ষ গাছের মাধ্যমে ৪৭ মেগা টন (১ মেগাটন= ১০,০০,০০০ টন) কার্বন শোষণের মাধ্যমে জলবায়ুর ভারসাম্য রক্ষায় অবদান;
 নতুন প্রেসার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে রাবার কাঠের অধিকতর ব্যবহার নিশ্চিত করণ;
 রাবার শিল্প কারখানা স্থাপনের মাধ্যমে বিএফআইডিসি'র উৎপাদিত নিজস্ব রাবার ব্যবহার সম্প্রসারণ;
 শিল্প কারখানা আধুনিকায়নের মাধ্যমে উন্নত ও আধুনিক আসবাবপত্র তৈরি করে প্রতিযোগিতামূলক বাজারে দৃঢ় অবস্থান সৃষ্টি করা;

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৪০০ একর জমিতে পুনঃবাগান সৃজন;
- ৫,০০০ মেট্রিক টন রাবার উৎপাদন;
- ৪,১৫,০০০ বর্গফুট আসবাবপত্র উৎপাদন ও বিক্রয়;
- উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে কর্পোরেশনের আয় বৃদ্ধি;
- উৎপাদিত রাবারের রপ্তানী বাজার সম্প্রসারণ;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

এবং

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের জুন... মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

রাবার ও কাঠ শিল্পকে টেকসই ও লাভজনক করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

গবেষণা ও উন্নয়ন, কার্যকর প্রযুক্তির ব্যবহার, দক্ষতা অর্জন ও মানসম্মত সেবার মাধ্যমে রাবার ও কাঠশিল্পকে টেকসই করা এবং বিএফআইডিসি কে একটি প্রতিযোগিতামূলক কর্পোরেট প্রতিষ্ঠানে উন্নীত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. □ রাবার চাষ সম্প্রসারণ ও উন্নতমানের রাবার উৎপাদন;

২. আসবাবপত্র ও কাঠজাত পন্য উৎপাদন ;

৩. বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মুনাফা ও জনবলের দক্ষতা বৃদ্ধি ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. নার্সারী ও পূনঃবাগান সৃজন;

২. ল্যাটেক্স সংগ্রহ ও প্রক্রিয়াকৃত ল্যাটেক্স হতে রাবার সীট (আর এস এস) তৈরী করণ;

৩. উৎপাদিত রাবার স্থানীয় বাজারে বিক্রি ও বৈদেশিক বাজারে রপ্তানী;

৪. বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে সরবরাহ আদেশ সংগ্রহ ও চাহিদা অনুযায়ী আসবাবপত্র ও কাঠজাত পণ্য উৎপাদন;

৫. আসবাবপত্র সরবরাহ ও বিক্রয়;

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
টেকসই ও উন্নতমানের রাবার বাগান প্রতিষ্ঠা	বাগান সৃজন	একর	৩৬২	৩৫০	৫৮৫	৬০০	৬৫০	ক)পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় খ)অর্থ বিভাগ গ)কৃষি মন্ত্রণালয় ঘ)বন বিভাগ	ক)বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন খ)বিএফআইডিসি পরিচালনা পর্ষদ এর সিদ্ধান্ত
রাবার উৎপাদন ও বিক্রয়ের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি	রাবার বিক্রয়	মেট্রিক টন	৫০৬৪	৫১০০	৫৩০০	৫৫০০	৬০০০	ক)পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় খ)অর্থ বিভাগ গ)কৃষি মন্ত্রণালয় ঘ)বন বিভাগ ঙ)জাতীয় রাজস্ব বোর্ড চ) বাণিজ্য মন্ত্রণালয়	ক)বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন খ)বিএফআইডিসি পরিচালনা পর্ষদ এর সিদ্ধান্ত
কর্পোরেশনের উৎপাদিত আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি	আসবাব পত্র উৎপাদন ও ক্রেতার নিকট আসবাবপত্র সরবরাহ	হাজার বর্গফুট	৪১০	৪১০	৪১৫	৪২০	৪২৫	সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থাসমূহ	ক)বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন খ)বিএফআইডিসি পরিচালনা পর্ষদ এর সিদ্ধান্ত

*সাময়িক (provisional) তথ্য